

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
 স্থানীয় সরকার বিভাগ
 (উপজেলা-১ শাখা)
 www.lgd.gov.bd.

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৬৭.২০১৪-১৬৪

তারিখ : ০১ ফেব্রুয়ারি ২০১৭

বিষয় : কুমিল্লা জেলার প্রস্তাবিত “লালমাই” উপজেলা গঠন/সৃষ্টির বিষয়ে নিকার বৈঠকের গৃহীত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে গেজেট নোটিফিকেশন জারীকরণের লক্ষ্যে তথ্য/কাগজপত্র প্রেরণ।

সূত্র : মন্ত্রিপরিষদ বিভাগ-এর স্মারক নং-০৪.০০.০০০০.৭২১.০৬.০০১.১৬.১৮(২০); তারিখ: ১৬ জানুয়ারি ২০১৭।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ১১৩ তম সভায় গৃহীত আলোচ্যসূচি-১ এর সিদ্ধান্ত (কপি সংযুক্ত) মোতাবেক “লালমাই” উপজেলা গঠন ও বিদ্যমান “কুমিল্লা সদর দক্ষিণ” ও “লাকসাম” উপজেলা পুনর্গঠন (পৌরসভাসহ) সম্পর্কিত গেজেট নোটিফিকেশনের লক্ষ্যে প্রস্তাবিত “লালমাই” উপজেলার অন্তর্গত ইউনিয়নসমূহের মৌজার নাম, নম্বর ও জেএল নম্বর এবং বিদ্যমান “কুমিল্লা সদর দক্ষিণ” ও “লাকসাম” উপজেলার অন্তর্গত (পৌরসভাসহ) অবশিষ্ট ইউনিয়নসমূহের মৌজার নাম, নম্বর ও জেএল নম্বরসহ প্রয়োজনীয় তথ্যাদি নিম্নবর্ণিত ছকে (পরিচ্ছন্ন কপি ও Sutonny MJ ফন্টে সফট কপিসহ) আগামী ০৫(পাঁচ) কার্যদিবসের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণ নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো :

প্রস্তাবিত “লালমাই” উপজেলা গঠনের তফসিল:


ক্রমিক	ইউনিয়ন/পৌরসভার নাম	মৌজার নাম ও নম্বর	জেএল নম্বর	বর্তমানে যে উপজেলার অন্তর্গত
১	২	৩	৪	৫


বিদ্যমান “কুমিল্লা সদর দক্ষিণ” উপজেলা পুনর্গঠনের তফসিল:

ক্রমিক	ইউনিয়ন/পৌরসভার নাম	মৌজার নাম ও নম্বর	জেএল নম্বর	বর্তমানে যে উপজেলার অন্তর্গত
১	২	৩	৪	৫

বিদ্যমান “লাকসাম” উপজেলা পুনর্গঠনের তফসিল:

ক্রমিক	ইউনিয়ন/পৌরসভার নাম	মৌজার নাম ও নম্বর	জেএল নম্বর	বর্তমানে যে উপজেলার অন্তর্গত
১	২	৩	৪	৫


 (ড. জুলিয়া মঈন) ০২/২০১৭
 উপসচিব
 ফোন : ৯৫৬২২৪৭


 জেলা প্রশাসক
 কুমিল্লা।

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।